গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [২.২] নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসাবে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অবহিতকরণ সভার (দ্বিতীয় সভা) কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | **২১ মার্চ, ২০২৪** |
| সভার সময় | **দুপুর ১২.০০ টা** |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সভায় পেট্রোবাংলা, বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট, পরিবেশ অধিদপ্তরসহ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র সেবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধি, যুগ্মসচিব (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ), উপসচিব (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ), বিসিএমসিএল, এমজিএমসিএল এর প্রতিনিধি, এভারলাস্ট মিনারেলস লিমিটেডসহ বিএমডির সিলিকাবালু কোয়ারি ইজারাদারগণ সংযুক্ত ছিলেন। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র সেবা সংশ্লিষ্ট বিষয়ে কোন অভিযোগ থাকলে তা অবহিত করার প্রয়োজনীয়তা ও মাধ্যম সম্পর্কে সভাপতি বিস্তারিত আলোচনা করার নির্দেশ দেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএমডির অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন, জিআরএস সিস্টেম অনলাইন এর মাধ্যমে ডিসেম্বর, ২০২৩ মাসে একটি অভিযোগ পাওয়া গিয়েছে, যা নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে উর্ধ্বতন অফিস তথা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী দুইটি প্রশিক্ষণ ইতোমধ্যে আয়োজন করা হয়েছে।

৩.০ তিনি অংশীজনদের অভিযোগ দাখিল এর পদ্ধতিসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিএমডির সেবায় অসন্তুষ্ট হলে যে কেউ নির্ধারিত মাধ্যমে (অফলাইনে বা অনলাইনে) অভিযোগ দাখিল করতে পারেন। অভিযোগসমূহ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা বিএমডি গ্রহণ করে থাকে। তিনি সকলকে অবগত করেন যে, কেউ যদি অসত্য অভিযোগ করে এবং বারবার একই অভিযোগ করে তবে আপিল কর্মকর্তা অভিযোগকারীকে কালো তালিকাভুক্ত করতে পারেন এবং পরবর্তীতে কর্তৃপক্ষ তার অভিযোগ বিনা পদক্ষেপে খারিজ করতে পারবেন।

৪.০ অংশীজনদের মতামত চাওয়া হলে, পঞ্চগড় হতে বিএমডির সাবেক ইজারাদার মাহবুবুর রহমান জানান, এ ধরনের সভায় স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার ব্যাপারে মতামত প্রদান করে। এছাড়া, পঞ্চগড় জেলা পাথর, বালি সমিতির সদস্য আব্দুর রউফ বলেন, পাথর কোয়ারি ইজারা বন্ধ থাকলেও পঞ্চগড়ে পাথর উত্তোলন চলমান রয়েছে। এর ফলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব হারাচ্ছে। তাই তিনি এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেয়ার অনুরোধ জানান। পাথর কোয়ারি বিষয়ে অভিযোগ সম্পর্কে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব জনাব মোঃ অলিউর রহমান বলেন, ২০২০ সাল থেকে সরকারের নির্দেশনা মোতাবেক পাথর কোয়ারিসমূহের ইজারা বন্ধ রয়েছে। পরবর্তীতে একটি কমিটি গঠন করা হয়। এই কমিটি গেজেটভুক্ত ৫০টি পাথর কোয়ারি সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন যার কার্যক্রম এখনও চলমান রয়েছে। তিনি জানান,

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পাথর কোয়ারির সাথে সংশ্লিষ্ট সকলের কাছে একটি নির্ধারিত ফরমে নির্দিষ্ট সময়ের মধ্যে মতামত জানতে চাওয়া হয়েছে। এই মতামতের প্রেক্ষিতে একটি সভা অনুষ্ঠিত হবে এবং সেখানে পাথর কোয়ারি সম্পর্কে একটি সিদ্ধান্ত দেয়া যাবে। সে লক্ষ্যে তিনি সংযুক্ত জেলা প্রশাসনের প্রতিনিধিগণকে নির্ধারিত সময়ের মধ্যে পাথর কোয়ারি বিষয়ে তাদের মতামত প্রেরণের জন্য অনুরোধ করেন।

৫.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. পরবর্তী অংশীজন সভায় বিএমডির গেজেটভুক্ত কার্যক্রম এলাকার স্থানীয় জনপ্রতিনিধিদের সংযুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. নির্ধারিত মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮-০৩-২০২৪
মোঃ আব্দুল কাইউম সরকার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.২৪.১৫২

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর;
৬। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৮। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত ), জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
১০। জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব ), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
১১। জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব ), জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
১৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
১৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট;
১৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা;
১৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়;
১৭। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
২০। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;
২১। জনাব মোঃ মিজানুর রহমান/জনাব মোঃ শফিকুল ইসলাম/জনাব মোঃ সেলিম আহমেদ/জনাব মোঃ সালেক মিয়া/জনাব মোঃ পারভেজ

হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট;

২২। প্রোপাইটর জনাব মোঃ গোলাম কিবরিয়া, বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লি. এবং

২৩। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২৮-০৩-২০২৪

প্রকৌঃ ফারজানা হক

সহকারী পরিচালক (খনি প্রকৌশল)